



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১ ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



## প্রেস বিজ্ঞপ্তি

### জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে মাসব্যাপী কর্মসূচির উদ্বোধন ॥ কালো ব্যাজ ধারণ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ০১ আগস্ট ২০২২।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম আজ সকাল ১০টায় নতুন প্রশাসনিক ভবনের সামনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে মাসব্যাপী কর্মসূচির অংশ হিসেবে কালো ব্যাজ ধারণ অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি উদ্বোধনী ভাষণে বলেন, কালো ব্যাজ ধারণ আমাদের দুঃখের প্রতীক। এই কালো ব্যাজ ধারণের মধ্য দিয়ে আমরা জাতির পিতাকে স্মরণ করছি। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা ও তাঁর পরিবারের সদস্যদের নৃশংস হত্যাকাণ্ড যারা ঘটিয়েছে, তারা ছিল পরাজিত শত্রুর দোসর। সেদিন তারা ভেবেছিলো বঙ্গবন্ধুকে হত্যার মধ্য দিয়ে এ জাতির হৃদয় থেকে বঙ্গবন্ধুর আদর্শ ও চেতনা মুছে যাবে। কিন্তু খুনিচক্রের সেই ধারণা ছিল ভুল। শহীদ বঙ্গবন্ধু আরও শক্তিশালী। বঙ্গবন্ধু বাঙালি হৃদয়ের মণিকোঠায় স্থান করে নিয়েছেন। তিনি জাতির আদর্শ। বিদেশে থাকায় বেচে যাওয়া বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির পিতার অপূর্ণ স্বপ্ন ও আদর্শ বাস্তবায়নে নিজেকে উৎসর্গ করেছেন। তিনি বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বাস্তবায়ন করার চেষ্টা করছেন। উপাচার্য মাননীয় প্রধানমন্ত্রীর লক্ষ্য পূরণে সকলকে অংশীদার হওয়ার আহবান জানান। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো: মনজুরুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক) রহিমা কানিজ, ভারপ্রাপ্ত প্রক্টর আ.স.ম. ফিরোজ-উল-হাসান প্রমুখ।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)